

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
বাবুগঞ্জ, বরিশাল  
[doict.babuganj.barisal.gov.bd](http://doict.babuganj.barisal.gov.bd)

অতীব জরুরী

স্মারক নম্বর: ৫৬.০৪.০৬০৩.০০০.১৬.০০১.২২.৩৮

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
১৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: 'শেখ রাসেল দিবস ২০২২' উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ ও নিবন্ধন সংক্রান্ত।  
সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নং ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০২.৭৫৭; তারিখ: ৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২২ সারা দেশব্যাপী ২য় বারের মত জাতীয়ভাবে শেখ রাসেল দিবস ২০২২ উদযাপিত হবে। শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষ্যে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ ক গুপ এবং ০১ অক্টোবর ২০২২ খ গুপের অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ প্রতিযোগিতার আয়োজনের মধ্যে দিয়ে ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী/শিশু-কিশোররা শেখ রাসেলের মানবিক প্রত্যয় হৃদয়ে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হবে। ২৮ আগস্ট ২০২২ হতে অনলাইনে নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে যা আগামী ২৭ সেপ্টেম্বর ২০২২ রাত ১২:০০ পর্যন্ত অব্যাহত থাকবে। অনলাইনে নিবন্ধন ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য (<https://quiz.sheikhrussel.gov.bd/>)ওয়েব সাইট ভিজিট করতে হবে। উল্লেখ্য একজন শিক্ষার্থী মোবাইল/ই-মেইল দিয়ে অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে পারবে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের (কমপক্ষে ১০০ জন) রেজিস্ট্রেশন ও প্রোফাইল সম্পন্ন করে ধার্য তারিখে শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- ১) অনলাইনে নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা/গাইডলাইন।
- ২) বিজ্ঞাপন।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান (সকল)  
বাবুগঞ্জ, বরিশাল।



১৫.০৯.২০২২  
(বিপ্লব চন্দ্র দেবনাথ)  
সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
বাবুগঞ্জ, বরিশাল

☎ ০১৩০৩৬৪৩২৩৮

✉ [doictbabuganj@gmail.com](mailto:doictbabuganj@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
- ৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।